দামুড়হুদায় কুমারীদহ গ্রামে পাখিভ্যান ও মোবাইল চুরি

দামুড়হুদা উপজেলার কুমারিদহ গ্রামে রাতের আধারে কে বা কাহারা একটি পাখি ভ্যান ও মোবাইল চুরি করে নিয়ে যায়। গতকাল বুধবার রাতে নিজ বাড়ি থেকে পাখি ভ্যান ও মোবাইল চুরি হয়েছে।

জানাযায়,দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কুমারীদহ গ্রামের মৃত মাহমুদ হোসেনের ছেলে জসিম উদ্দিন প্রতিদিনের মত বিভিন্ন জায়গায় ভাড়া খেটে বাড়ির উঠানে পাখি ভ্যানটি চার্জে দিয়ে রাখে। সুযোগ বুঝে কে বা কাহারা পাখি ভ্যানটি রাতের আঁধারে চুরি করে নিয়ে যায়। একই গ্রামের ফজলুল হকের ছেলে ইউসুফের ঘর থেকে একটি টাচ মোবাইল চুরি করে নিয়ে যায়।

জসিম জানায় আমি অতি দরিদ্র মানুষ এক জায়গা থেকে পাখি ভ্যানটি ভাড়া নিয়ে চালাতাম। গতকাল রাতে ভ্যানটি চুরি হয়ে যায় এখন আমি নিরুপায় হয়ে আছি কিভাবে পাখি ভ্যানের মালিক কে এই ভ্যান ফেরত দিবো। এখন আমার মরণ ছাড়া পথ নেই।